

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়  
হোমনা, কুমিল্লা।

### নিলাম বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা নিলাম কমিটির ০১/০৯/২০১৬ খ্রি: তারিখের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে  
হোমনা উপজেলার ২০১৫ সনের প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার ব্যবহৃত উত্তরপত্র সমূহ (গোড়াউনে রাখ্বিত) প্রকাশ্য  
নিলাম ডাকে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উন্মুক্ত নিলাম ডাক আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী :-

১. আগামী ২০/০৯/২০১৬ খ্রি: তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার, হোমনা, কুমিল্লা  
মহোদয়ের কার্যালয়ে প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হবে।
২. প্রকাশ্য নিলাম ডাকে অংশছাহককারীগণ সরকারি মূল্যের (প্রস্তাবিত) ৫০% বা সমপরিমান টাকা জামানত স্বরূপ নগদ জমা দিয়ে  
প্রকাশ্য নিলাম ডাকে অংশছাহণ করতে হবে।
৩. প্রকাশ্য নিলাম ডাকে অংশছাহককারীগণ ডাকের পূর্বে ২০১৫ সালের প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনী পরীক্ষার ব্যবহৃত উত্তরপত্র  
সমূহ সরেজমিনে দেখিতে পারিবেন।
৪. সর্বোচ্চ নিলাম ডাককারীকে পরবর্তী ০৭(সাত) দিনের মধ্যে উল্লেখিত নিলাম ডাকের সমূদয় টাকা পরিশোধ করে নিলামকৃত  
উত্তরপত্রসমূহ নিয়ে যেতে হবে অন্যথায় জামানতের টাকা বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
৫. সর্বোচ্চ নিলাম ডাককারীকে ভ্যাট, আয়কর বিধি মোতাবেক অন্যান্য ট্যাক্স পরিশোধ করতে হবে। প্রস্তাবিত মূল্যে অপর্যাপ্ত বা  
কম প্রতীয়মান হলে কর্তৃপক্ষ নিলাম ডাক গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

চৌধুরী -

(মো: আল-আবীন)

সদস্য সচিব

উপজেলা প্রাথমিক শিক্ষা সংক্রান্ত নিলাম কমিটি

ও

উপজেলা শিক্ষা অফিসার(চ:দা:)

হোমনা, কুমিল্লা।

স্মারক নং- উশিতা/হোমনা/ ৮২১২/১০

তারিখ: ০৬ সেপ্টেম্বর ২০১৬ খ্রি:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

১. উপজেলা নির্বাহী অফিসার, হোমনা, কুমিল্লা।
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুমিল্লা।
৩. উপজেলা প্রকৌশলী, হোমনা, কুমিল্লা।
৪. নোটিশ বোর্ড, অত্রাফিস সহ অন্যান্য অফিসের নোটিশ বোর্ড।
৫. সংরক্ষণ নথি।

(মো: আল-আবীন)

উপজেলা শিক্ষা অফিসার(চ:দা:)

হোমনা, কুমিল্লা।